শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (হাবিপ্রবি), দিনাজপুর

ফোনঃ ৮৮০-৫৩১-৬১৩৫৫, ফ্যাক্স ঃ ৮৮০-৬১৩১১ Web ঃ www.hstu.ac.bd

স্মারকনং-হাবিপ্রবি/একা/৪৭৫৮ তারিখঃ ১৮/০১/২০২৩

২০২২ শিক্ষাবর্ষে স্নাতক শ্রেণীতে চূড়ান্ত ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ৮টি অনুষদের ২৩টি ডিগ্রির জন্য ২০২২ শিক্ষাবর্ষের স্নাতক পর্যায়ে GST কর্তৃক প্রকাশিত ৭ ধাপ এবং ৭.৫ ধাপ পর্যন্ত যারা এ বিশ্ববিদ্যালয়ে প্রাথমিক ভর্তি সম্পন্ন করেছে তাদেরকে আগামী **১৮ ও ১৯ জানুয়ারি ২০২৩** নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করে চূড়ান্ত ভর্তি সম্পন্ন করার জন্য বলা হলো।

ভর্তি প্রক্রিয়া

১। GST কর্তৃক ৭তম ও ৭.৫তম পর্যায়ের ফলাফল পর্যন্ত যারা হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে প্রাথমিক ভর্তি সম্পন্ন করেছে তাদেরকে আগামী **১৮ ও ১৯ জানুয়ারি ২০২৩ খ্রী. তারিখ সকাল ৯.৩০ হতে বিকেল ৪.০ টা** পর্যন্ত ভর্তি হতে হবে।

২। প্রাথমিকভাবে ভর্তিকৃত শিক্ষার্থীদেরকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (https://hstu.ac.bd/admission) প্রবেশ করে অনলাইনে নির্ধারিত ভর্তি ফরম পূরণ করতে হবে। ভর্তি ফরম আগামী **১৭/০১/২০২৩ খ্রী. সন্ধ্যা ৬.০০ টার** পর হতে পূরণ করা যাবে।

৩। প্রাথমিকভাবে ভর্তিকৃত শিক্ষার্থীদেরকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (https://hstu.ac.bd/admission) প্রবেশ করে GST কর্তৃক প্রদত্ত অ্যাপ্লিকেশন আইডি ও পাসওয়ার্ড দিয়ে লগইন পূর্বক নির্ধারিত পরিমান ফি প্রদানপূর্বক পূরণকৃত ভর্তি ফরম ডাউনলোড ও প্রিন্ট করা যাবে ।

৪। উল্লেখিত ফরম এর প্রিন্টেড কপি শিক্ষার্থীদেরকে সংশ্লিষ্ট ডিন অফিসে আগামী **১৯/০১/২০২৩ ইং তারিখ বিকেল ৪.০ টার** মধ্যে জমা দিয়ে চূড়ান্ত ভর্তি সম্পন্ন করতে হবে। উল্লেখিত সময়ের মধ্যে ভর্তি না হলে শিক্ষার্থীর প্রাথমিক ভর্তি বাতিল হবে এবং আসনটি ফাঁকা বলে গণ্য হবে।

৫। ভর্তিকৃত সকল ছাত্র-ছাত্রীদেরকে স্বাস্থ্যবীমার আওতায় আনা হবে।

ভর্তি ফি ও ফি প্রদান প্রক্রিয়া

৬। প্রাথমিকভাবে ভর্তিকৃত শিক্ষার্থীদেরকে মোবাইল ব্যাংকিং সিস্টেম নগদ-এর মাধ্যমে ভর্তি ফি বাবদ সর্বমোট **১০১৪০** টাকা (১৫১৪০-৫০০০=১০১৪০/-) (দশ হাজার একশত চল্লিশ টাকা) + মোবাইল ব্যাংকিং সার্ভিস চার্জ জমা দিতে হবে। অনলাইনে ফি প্রদান সংক্রান্ত বিস্তারিত নিয়মাবলী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.hstu.ac.bd/admission) পাওয়া যাবে।

৭। উল্লেখিত মোবাইল ব্যাংকিং ব্যতিরেকে শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অবস্থিত রূপালী ব্যাংক এর শাখায় স্বশরীরে হিসাব নং: ৫০৭৪০২০০০০২৩১ এ সর্বমোট ১০১৪০ (দশ হাজার একশত চল্লিশ) টাকা জমা দিয়ে ভর্তি ফরম ডাউনলোড করতে পারবে। এই ক্ষেত্রে শিক্ষার্থীদের ভর্তি ফি জমাদানের ব্যাংক রশিদ বিশ্ববিদ্যালয়ের আইটি সেল কর্তৃক যাচাই করে নিতে হবে।

সতর্কীকরণ

৮। ভর্তির আবেদন সংক্রান্ত কোন তথ্য মিথ্যা, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে আবেদনটি সরাসরি বাতিল হয়ে যাবে। ভর্তির পর আবেদনপত্রে কোন ভুল/মিথ্যা তথ্য ধরা পড়লেও ভর্তিকৃত ছাত্র-ছাত্রীর ভর্তি বাতিল হবে এবং মিথ্যা তথ্য প্রদানের বিষয়ে প্রমাণিত হলে সংশ্লিষ্ট শিক্ষার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

মাননীয় ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

১৮/০১/২০২৩
(প্রফেসর ড. মো: সাইফুর রহমান)
রেজিস্ট্রার (অ:দা:)
হাবিপ্রবি, দিনাজপুর

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (হাবিপ্রবি), দিনাজপুর

ফোনঃ ৮৮০-৫৩১-৬১৩৫৫, ফ্যাক্স ঃ ৮৮০-৬১৩১১ Web ঃ www.hstu.ac.bd

স্মারক নং- হাবিপ্রবি/ একা/৪৭২০ তারিখঃ ০২/০১/২০২৩

২০২২ শিক্ষাবর্ষে ভর্তির জন্য প্রয়োজনীয় কাগজপত্র সম্পর্কিত বিজ্ঞপ্তি

হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ৮টি অনুষদের ২৩টি ডিগ্রির জন্য ২০২২ শিক্ষাবর্ষের স্নাতক পর্যায়ে GST কর্তৃক প্রকাশিত ষষ্ঠ পর্যায়ের ফলাফল পর্যন্ত যারা এ বিশ্ববিদ্যালয়ে প্রাথমিক ভর্তি সম্পন্ন করেছে তাদেরকে আগামী ৪ ও ৫ জানুয়ারি ২০২৩ –এ চূড়ান্ত ভর্তি সম্পন্ন করার জন্য নিম্নোক্ত ডকুমেন্টস সাথে আনতে হবেঃ-

১। এস.এস.সি. ও এইচ.এস.সি. পাশের মূল সার্টিফিকেট।

২। সর্বশেষ অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্রের মূলকপি।

৩। GST ভুক্ত যেকোন বিশ্ববিদ্যালয়ে ট্রান্সক্রিপ্ট জমাদান স্লিপের ফটোকপি।

৪। পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিঃ ৮ কপি, স্ট্যাম্প সাইজের ছবিঃ ২ কপি। ছবি অবশ্যই ল্যাব প্রিন্ট হতে হবে।

৫। কক্ষ পরিদর্শকের স্বাক্ষরসহ GST পরীক্ষায় অংশগ্রহণের প্রবেশপত্র।

৬। ভর্তি ফিঃ ১০১৪০/- (দশ হাজার একশত চল্লিশ টাকা মাত্র)। অনলাইনে ভর্তি ফি পরিশোধের ক্ষেত্রে চার্জ প্রযোজ্য।

৭। কোটা হতে ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদেরকে ভর্তির সময় মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইট হতে মুক্তিযোদ্ধার স্বপক্ষে প্রমাণাদিসহ প্রযোজ্যক্ষেত্রে আত্নীয়তার প্রমানপত্রের মূলকপি, আদিবাসী ও উপজাতি শিক্ষার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত মূল প্রত্যয়নপত্র। BKSP কোটার ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রত্যয়নপত্র। বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের ক্ষেত্রে উপজেলা সমাজসেবা অফিসার কর্তৃক প্রত্যয়নপত্র। (ইতিমধ্যে যারা কোটার কাগজপত্র জমা দিয়েছেন তাদেরকে নতুন করে কাগজ জমা দিতে হবেনা, শুধুমাত্র Acknowledgement Slip দেখালেই হবে।)

৮। চূড়ান্ত ভর্তি সম্পন্ন করতে প্রার্থীকে অবশ্যই অনলাইনের আবেদনকৃত ভর্তি ফর্মের প্রিন্টেড কপি নিয়ে স্বশরীরে উপস্থিত হতে হবে।

০২/০১/২০২৩
(প্রফেসর ড. মো: সাইফুর রহমান)
রেজিস্ট্রার (অ:দা:)
হাবিপ্রবি, দিনাজপুর